

## ১। সুনাইকান্দা প্রাচীন জামে মসজিদ

**অবস্থানঃ-** পূর্বধলা উপজেলার ঘাগড়া ইউনিয়নের সুনাইকান্দা গ্রামে অবস্থিত।

**কিভাবে যাওয়া যায়-**পূর্বধলা উপজেলা পরিষদ হতে মোটরসাইকেল বা রিকশা যোগে কাপাসিয়া বাজার। সেখান থেকে ১কিঃ মিঃ পূর্বে উক্ত মসজিদটি অবস্থিত।

**বিস্তারিতঃ-** সুনাইকান্দা প্রাচীন জামে মসজিদটি নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলার ঘাগড়া ইউনিয়নের সুনাইকান্দা গ্রামে অবস্থিত। গ্রামের নামানুসারে উক্ত মসজিদটি নামাকরণ করা হয়। ৮২ শতাংশ ভূমি নিয়ে নির্মিত আনুমানিক ৪০০(চারশত) বছর আগের এই মসজিদটিতে বিদ্যমান রয়েছে সুনিপুণ কারুকার্য। প্রতিদিন নামাজের সময় শত শত মুসল্লীর পদচারণায় এবং নামাজ আদায়ের মাধ্যমে মসজিদটি একটি স্বতন্ত্র স্বকীয়তা অর্জন করেছে। উক্ত মসজিদটি পরিদর্শন করতে দেশের বিভিন্ন স্থান হতে ধর্ম প্রান মুসলমানরা আগমন করে। এখানে জুমার নামাজ ও ঈদের নামাজে অনেক মুসল্লি সমবেত হয়।

**ছবি**



## ২। হযরত টিপু শাহ ও করম শাহ মাজার

**অবস্থানঃ-** পূর্বধলা উপজেলার ঘাগড়া ইউনিয়নের লেটিরকান্দা গ্রামে অবস্থিত।

**কিভাবে যাওয়া যায়ঃ-**পূর্বধলা থেকে মোটরসাইকেল বা রিকশা যোগে কাপাসিয়া বাজার। সেখান থেকে ৩কিঃমিঃ পূর্বদিকে উক্ত মাজারের অবস্থান।

**বিস্তারিতঃ-** হযরত টিপু শাহ ও হযরত করম শাহ এর মাজারটি নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলার ঘাগড়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডের লেটিরকান্দা গ্রামে অবস্থিত। মাজারটি উপজেলা থেকে কাপাসিয়া রাস্তা দিয়ে ১১ কিঃ মিঃ উত্তরে তারপর কাপাসিয়া বাজারথেকে ৪কিঃ মিঃ পূর্বে অবস্থিত। উক্ত মাজারটি প্রায় ৫০ শতাংশ ভূমিতে অবস্থান রত। মাজারের উত্তর পাশে কংশ নদী অবস্থিত। হযরত টিপু শাহ ও করম শাহফকির আন্দোলনে যোগদান করে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।

**ছবি**

